ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

## সংবাদ বিজ্ঞপ্তি

## শিক্ষাঙ্গনে সংসদ সদস্যের অযাচিত প্রভাব ও সাংবাদিকদের ওপর হামলার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে টিআইবি

**ঢাকা, জানুয়ারি ৪, ২০১২:** গতকাল ৩ জানুয়ারি মিরপুরে মনিপুর স্কুলে অতিরিক্ত ভর্তি ফি গ্রহণ সংক্রান্ত তথ্যচিত্র প্রস্তুত করার সময় সরকার দলীয় সংসদ সদস্য কামাল মজুমদার ও তার দলীয় লোকজনের সাংবাদিকদের ওপর হামালার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

এক বিবৃতিতে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, "অবাধ তথ্য প্রবাহ ও গণমাধ্যমের স্বাধীনতা গণতন্ত্র ও সুশাসনের পূর্বশর্ত। গণমাধ্যম কর্মীরা পেশাগত দায়িত্ব পালনে এবং প্রতিবেদন তৈরি ও প্রকাশে কোন প্রতিবন্ধকতার সম্মুখীন না হয়ে জনগণের কাছে যেন সঠিক তথ্য পৌঁছে দিতে পারে তা নিশ্চিত করার দায়িত্ব সরকারের ও জনপ্রতিনিধিদের। অথচ, মনিপুর স্কুলের দুর্নীতির অভিযোগ বিষয়ক প্রতিবেদন তৈরিতে বাধা প্রদান এবং সাংবাদিকের ওপর হামলা করে সংসদ সদস্য গণতান্ত্রিক চর্চার সম্পূর্ণ বিপরীতমূখী আচরণ করেছেন; মহান জাতীয় সংসদের অবমাননা করেছেন এবং জনপ্রতিনিধি হিসাবে তার নৈতিক যথার্থতা প্রশ্নবিদ্ধ করেছেন। এরূপ আচরণ গণমাধ্যম ও সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত করার সরকারি নির্বাচনী প্রতিশ্রুতির সম্পূর্ণ পরিপন্থী; তথ্য ও মত প্রকাশের স্বাধীনতার অমর্যাদা এবং ক্ষমতাসীন দলের জন্য আত্মঘাতীমূলক। বিশেষ করে একজন পেশাজীবি নারীর প্রতি এরূপ অশোভন আচরণ অমার্জনীয় অপরাধ।" এই ঘটনার সুষ্ঠু তদন্তপূর্বক দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান জরুরি বলে মনে করেন তিনি।

তিনি আরো বলেন, শিক্ষামন্ত্রণালয় জারিকৃত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ভর্তি ফি এর নীতিমালা লঙ্ঘন করে অভিভাবকদের কাছ থেকে অতিরিক্ত ভর্তি ফি আদায় করা বেআইনি, অনৈতিক ও শাস্তিযোগ্য অপরাধ। অন্যদিকে দুর্নীতির তথ্য ফাঁস হবার ভয়ে সাংবাদিকদের স্কুল চত্বরে প্রবেশে বাধা দান কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট মহলের দুর্নীতির সাথে সম্পৃক্ততার সামিল। সংসদ সদস্যদের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ততা এবং সভাপতির পদ দখলের মাধ্যমে এ ধরনের ক্ষমতার অপব্যবহার ও যথেচ্ছাচারের সকল সুযোগ আইনগতভাবে নিষিদ্ধ করার আহ্বান জানায় টিআইবি।

একদিকে যেমন শিক্ষা মন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় শিক্ষা খাতে বেশ কিছু ইতিবাচক অগ্রগতি জনমনে আশার সঞ্চার করেছে অন্যদিকে এ ধরনের ঘটনায় সরকারের প্রতি জনগণের আস্থার সম্ভাবনা ধুলিস্যাৎ হবার সম্মুখীন।

অতি শীঘ্রই এই ঘটনার তদন্তপূর্বক শাস্তিমূলক ব্যবস্থাগ্রহণ সহ শিক্ষাঙ্গনকে দুর্নীতিমুক্ত করতে ও ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি দাবি জানিয়েছে টিআইবি।

**গণমাধ্যম যোগাযোগ**

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২